তারিখ ৭ AUG 2017
পৃষ্ঠা ৫ কলাম ৪

সমকাল

# জবিতে 'সংবাদপত্রে বন্যাদুর্গত মানুষ' শীর্ষক সেমিনার

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের উদ্যোগে 'বাংলাদেশের সংবাদপত্রে বন্যাদুর্গত মানুষ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ার বিভাগ মিলনায়তনে এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জবির সাংবাদিকতা বিভাগের চেয়ারপারসন অধ্যাপক হেলেনা ফেরদৌসী ও সহযোগী অধ্যাপক শাহ নিসতার জাহান কবির। আলোচনা করেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের প্রধান সেলিম আহমেদ, সহযোগী অধ্যাপক শেখ শফিউল ইসলাম এবং দৈনিক সমকালের উপসম্পাদক অজয় দাশগুপ্ত। সেমিনারে বাংলাদেশের সমসাময়িক বন্যা পরিস্থিতি নিয়ে সংবাদপত্রে কী ধরনের সংবাদ ও ছবি ছাপা হয় সে বিষয়ে আলোচনা হয়। এ সময় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর